# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## শিক্ষক নিয়োগ ও পদোন্নয়ন/আপগ্রেডেশন নীতিমালা- ২০২২

১৪.০৯.২০২২ তারিখে অনুষ্ঠিত রা.বি. সিন্ডিকেটের ৫১৬তম সভার ১৪৬ নম্বর সিদ্ধান্তে অনুমোদিত

পরিশিষ্ট-১৪৬

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## রাজশাহী

## শিক্ষক নিয়োগ, পদোন্নয়ন (আপগ্রেডেশন) ও পদায়ন নীতিমালা ২০২২

### ১। সাধারণ নিয়মাবলী ও ব্যাখ্যা

### ১.১ সাধারণ নিয়মাবলী

ক. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমাণ থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

খ. অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থী কোনো অনুষদের বিভাগে/ইনস্টিটিউটে শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

গ. পাবলিক/সরকারি, আধা-সরকারি কিংবা সংশ্লিষ্ট বিষয়ে নামকরা (Well Reputed) স্বায়ত্তশাসিত সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীর ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানে সক্রিয় শিক্ষকতার মেয়াদ/চাকরিকালের অর্ধেক বিবেচনা করা যেতে পারে। সেক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্র অবশ্যই চাকরিরত দপ্তরের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে আসতে হবে।

ঘ. শিক্ষাছুটি নিয়ে কোনো শিক্ষক Post-doctoral Fellowship Program-এ অংশগ্রহণ করলে সর্বোচ্চ ০২ (দুই) বছর সক্রিয় শিক্ষাকাল হিসেবে গণ্য করা হবে। এক্ষেত্রে ইতোপূর্বে প্রদত্ত বন্ড পিরিয়ড অতিক্রান্ত হবার পর একজন শিক্ষক Post-doctoral Fellowship Program-এ যেতে পারবেন।

ঙ. শিক্ষাছুটি বলতে ডিগ্রি অর্জনের লক্ষ্যে মঞ্জুরকৃত পূর্ণবেতনে প্রাপ্ত ছুটিকে বোঝাবে। এই ছুটি মাস্টার্স ও পিএইচডিসহ ০৫ (পাঁচ) বছর হবে। কেবল পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য এই শিক্ষাছুটি ০৪ (চার) বছর পাওয়া যাবে। তবে কোনো সঙ্গত কারণে গবেষণা কার্যক্রম অব্যাহত থাকলে ডিগ্রি সম্পন্ন করার স্বার্থে কেবল নিয়মিত শিক্ষার্থী হিসেবে এই ছুটির মেয়াদ আরও সর্বোচ্চ ১২ (বারো) মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে।

চ. বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষাকাল হিসেবে বিবেচিত হবে না।

ছ. চারুকলা, নাট্যকলা, সংগীত ও সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জাতীয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রতিযোগিতা, প্রদর্শনী ও পরিবেশনায় অংশগ্রহণমূলক প্রযোজনা, উপস্থাপনা ও রচনার জন্য অর্জিত পুরস্কার, ক্যাটালগ ও সার্টিফিকেট মূল্যায়ন সাপেক্ষে প্রকাশনা হিসেবে বিবেচনা করা যাবে।

জ. শিক্ষক নিয়োগের কোনো ধাপে নিয়মিত পদ সম্পূর্ণরূপে পূর্ণ হলে আপগ্রেডেশন করা যাবে।

ঝ. গ্রেড-২ এবং গ্রেড-১ প্রফেসর পদে সরাসরি নিয়োগ প্রদান করা হবে না।

ঞ. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কমিশনের অনুমোদনক্রমে দেশি-বিদেশি প্রথিতযশা (Outstanding) অধ্যাপককে চুক্তিভিত্তিক Distinguished Professor হিসেবে নিয়োগ প্রদান করা যাবে।

ট. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কমিশনের অনুমোদনক্রমে দেশি-বিদেশি প্রথিতযশা (Outstanding) বিশেষজ্ঞ বা গবেষককে "Distinguished Expert" হিসেবে চুক্তিভিত্তিতে নিয়োগ প্রদান করা যাবে।

ঠ. বিশেষ/প্রযোজ্য ক্ষেত্রে স্নাতক ডিগ্রিপ্রাপ্তদের (ডাক্তার, প্রকৌশলী প্রভৃতি) প্রভাষক হিসেবে নিয়োগ প্রদান করা হলে পরবর্তী ২ (দুই) বছরের মধ্যে স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করতে হবে।

### ১.২ ব্যবহৃত শব্দের ব্যাখ্যা ও সংজ্ঞা

ক. 'পাবলিক বিশ্ববিদ্যালয়' অর্থ বাংলাদেশের সকল পাবলিক/সরকারি বিশ্ববিদ্যালয়, অধিভুক্ত কলেজ নয়।

খ. 'অনুষদ' অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদ।

গ. 'ইনস্টিটিউট' অর্থ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট।

ঘ. 'বিভাগ' অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো একাডেমিক বিভাগ।

ঙ. 'কর্তৃপক্ষ' অর্থ বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ অথবা পূর্ববর্তী চাকরিস্থলের কর্তৃপক্ষ।

চ. 'শিক্ষক' অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসেবে স্বীকৃত অন্য কোনো ব্যক্তি।

ছ. 'পদ' অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো পদ।

জ. 'সক্রিয় শিক্ষকতা' অর্থ বিশ্ববিদ্যালয়ে চাকরিকালীন পাঠদান ও গবেষণা অথবা উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পূর্ণবেতনে শিক্ষাছুটির মেয়াদকে বোঝাবে। উচ্চতর ডিগ্রি অর্জনের লক্ষ্যে শিক্ষাছুটি গ্রহণ করলে সংশ্লিষ্ট শিক্ষককে ডিগ্রি অর্জন করে বিশ্ববিদ্যালয়ে যোগদান করতে হবে। এর ব্যতিক্রম হলে গৃহীত ছুটির সময়কে সক্রিয় শিক্ষকতা হিসেবে গণ্য করা যাবে না।

ঝ. 'শিক্ষাছুটি' অর্থ ডিগ্রি অর্জনের লক্ষ্যে পূর্ণবেতনে ছুটি।

ঞ. 'প্রকাশনা' অর্থ সংশ্লিষ্ট বিষয়ে পিয়ার রিভিউড/অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ইনডেক্সড জার্নালে প্রকাশিত কোনো প্রবন্ধকে বোঝাবে। চারুকলা, নাট্যকলা, সংগীত ও সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক নিয়োগ/পদোন্নয়নের ক্ষেত্রে জাতীয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রতিযোগিতা, প্রদর্শনী ও পরিবেশনায় অংশগ্রহণমূলক প্রযোজনা, উপস্থাপনা, রচনা, চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের জন্য অর্জিত পুরস্কার, ক্যাটালগ ও সার্টিফিকেট মূল্যায়ন সাপেক্ষে প্রকাশনা হিসেবে বিবেচনা করা যাবে। প্রকাশিত গ্রন্থ বা গ্রন্থের অধ্যায় প্রকাশনা হিসেবে গণ্য হবে। অনুবাদ জার্নালে প্রকাশিত কোনো গবেষণা-প্রবন্ধ, অনুবাদগ্রন্থ ও গ্রন্থ-অধ্যায়ও প্রকাশনা হিসেবে বিবেচিত হবে। তবে এক্ষেত্রে গ্রন্থ/গ্রন্থ-অধ্যায়, অনুবাদগ্রন্থটি বিষয়ভিত্তিক, গবেষণাধর্মী ও রিভিউড হতে হবে।

ট. 'পিয়ার রিভিউড জার্নাল' অর্থ সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞগণ দ্বারা মূল্যায়িত ও সুপারিশকৃত গবেষণা প্রবন্ধের জার্নাল।

ঠ. 'ইমপ্যাক্ট ফ্যাক্টর' অর্থ কোনো জার্নালের মান-নির্ণায়ক পদ্ধতি যা প্রতিবছরে জার্নালের সাইটেশনের উপর ভিত্তি করে নির্ণয় করা হয়।

ড. ' ইনডেক্সড জার্নাল' অর্থ সারাবিশ্বে নিবন্ধনকৃত ও Bibliographical Database- অন্তর্ভুক্ত জার্নাল বোঝাবে।

ঢ. 'First Author' অর্থ যিনি মূলত গবেষণাকর্মটি সম্পন্ন করেছেন, সম্পন্ন করতে তত্ত্বাবধান করেছেন বা প্রকাশের ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করেছেন।

ণ. 'এমফিল'-এর সমমানের ডিগ্রি অর্থ বিদেশি কোনো নামকরা বিশ্ববিদ্যালয়ের 'মাস্টার্স বাই থিসিস' ডিগ্রি।

ত. 'স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান' অর্থ কোনো সরকারি/নামকরা (Well Reputed) বিশ্ববিদ্যালয় অথবা সরকার স্বীকৃত দেশীয় বা আন্তর্জাতিক কোনো গবেষণা প্রতিষ্ঠান। গবেষণার বিষয় অবশ্যই আবেদনকৃত বিভাগ/অনুষদ/ইনস্টিটিউট-এর পাঠ্য ও গবেষণার সাথে ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট হতে হবে।

পরিষদ শাখা সিনেট ভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২। বিজ্ঞপ্তির মাধ্যমে প্রভাষক (Lecturer) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

### ২.১ বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ এবং ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহ

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি এবং ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে (পাঁচ) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

গ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঘ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ঙ. স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

### ২.২ সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগ ও ইনস্টিটিউটে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

গ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঘ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ঙ. স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

### ২.৩ কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহ

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

গ. কলা অনুষদভুক্ত বিভাগসমূহে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঘ. চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৩.৫০-এর কম থাকা যাবে না।

পরিষদ শাখা সিনেট ভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

চ. স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

**২.৪ পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট**

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/অনুষদ//ইনস্টিটিউট-এর নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট অনুষদভূক্ত বিভাগ/ইনস্টিটিউট-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি এবং ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে (পাঁচ) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকতে হবে। এছাড়াও পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা স্বীকৃত সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ঘ. বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস, প্রকৌশল, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভূক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঙ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

চ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ছ. স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

জ. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টর সম্পন্ন) জার্নালে First Author হিসেবে ০১ (এক)টি প্রকাশনা থাকতে হবে।

**২.৫ শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেস**

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/ইনস্টিটিউট/অনুষদের নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট অনুষদভূক্ত বিভাগ/ইনস্টিটিউট-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান অনুষদভূক্ত বিভাগের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. কলা অনুষদভূক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঙ. বিজ্ঞান অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

চ. কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভূক্ত বিভাগ ও সংশ্লিষ্ট ইনস্টিটিউটসমূহের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ছ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

পরিষদ শাখা সিনেট ভবন রাজশাহী বিশ্ববিদ্যালয়

জ. স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

---

**বিশেষ দ্রষ্টব্য**

১) এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি ও মানসম্মত প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হতে পারে। তবে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রির বিনিময়ে উল্লিখিত যোগ্যতার কোনো শর্ত কোনোভাবেই শিথিলযোগ্য হবে না।

২) নিয়োগ বোর্ড নথিপত্র যাচাই-বাছাই ও সাক্ষাৎকারের মাধ্যমে প্রভাষক পদে নিয়োগপ্রক্রিয়া সম্পন্ন করবে। তবে প্রয়োজনে সাক্ষাৎকারের পূর্বে ডেমোনেস্ট্রেশন/লিখিত পরীক্ষার ব্যবস্থা করা যেতে পারে।

৩) নিয়োগ-বিজ্ঞপ্তির পর কোনো বিভাগে উপর্যুক্ত শর্তপূরণকারী প্রার্থীর আবেদন না পাওয়া গেলে প্রয়োজনে বিভাগীয় প্ল্যানিং কমিটির সুপারিশের ভিত্তিতে ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স-এর ফলাফলের যেকোনো একটি শর্ত শিথিল করে পুনঃবিজ্ঞপ্তির মাধ্যমে ঐ বিভাগে প্রভাষক পদে নিয়োগ দেওয়া যেতে পারে। তবে শিথিল করার জন্য প্রস্তাবিত কোনো শর্তই "পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকায়" উল্লেখিত শর্তের চাইতে কম হবে না।

৪) প্রয়োজন মনে করলে কোনো বিভাগ নিয়োগ-বিজ্ঞপ্তিতে বিশেষ/অতিরিক্ত শর্তারোপের সুপারিশ করতে পারবে।

**৩। বিজ্ঞপ্তির মাধ্যমে সহকারী অধ্যাপক (Assistant Professor) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**

**৩.১ বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ এবং ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহ**

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি এবং ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে (পাঁচ) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

চ. প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. স্বীকৃত পিয়ার রিভিউড/ ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা হতে হবে।

**৩.২ সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট**

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

পরিষদ শাখা সিনেট ভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়

গ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

চ. প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে।

**৩.৩ কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহ**

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. কলা অনুষদভুক্ত বিভাগসমূহে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৩.৫০-এর কম থাকা যাবে না।

চ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ছ. প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

জ. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে।

**৩.৪ ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস এবং পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট**

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/অনুষদ/ইনস্টিটিউট-এর নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগ/ইনস্টিটিউট-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে (পাঁচ) বছর মেয়াদি স্নাতকসহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

পরিষদ শাখা সিনেট ভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়
তাং ০২/১০/২৪

ঙ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

চ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ছ. প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

জ. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা First Author হিসেবে থাকতে হবে।

৩.৫ **ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেস**

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/ইনস্টিটিউট/অনুষদের নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগ/ইনস্টিটিউট-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ; ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঙ. কলা অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

চ. বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ছ. কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ, আইন অনুষদভুক্ত বিভাগ ও সংশ্লিষ্ট ইনস্টিটিউট-এর ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

জ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ঝ. প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ঞ. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে। তবে বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে প্রকাশনা স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে হতে হবে।

৪। **বিজ্ঞপ্তির মাধ্যমে সহযোগী অধ্যাপক (Associate Professor) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**

৪.১ **বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ এবং ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহ**

পরিষদ শাখা সিনেট ভবন রাজশাহী বিশ্ববিদ্যালয় তাং 04/10/22

ক. সংশ্লিষ্ট অনুষদভূক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভূক্ত বিভাগসমূহের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান)সহসহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

চ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে ন্যূনতম ০৭ (সাত)টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে অথবা বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৪ (চার) বৎসরে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনা থাকতে হবে। এই চারটির মধ্যে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনায় প্রার্থীকে First Author হতে হবে।

**৪.২ কলা এবং চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহ**

ক. সংশ্লিষ্ট অনুষদভূক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. কলা অনুষদভূক্ত বিভাগসমূহে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৩.৫০-এর কম থাকা যাবে না।

চ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ছ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

জ. স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ০৭ (সাত)টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৪ (চার) বছরের মধ্যে ন্যূনতম ০৪ (চার)

পরিষদ শাখা সিনেট ভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়

টি প্রকাশনা থাকতে হবে। এই চারটির মধ্যে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনায় প্রার্থীকে First Author হতে হবে।

**৪.৩ সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট**

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগসমূহ ও ইনস্টিটিউটে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। অথবা সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

চ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৭ (সাত)টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৪ (চার) বৎসরে ন্যূনতম ০৪ (চার) টি প্রকাশনা থাকতে হবে। এই চারটির মধ্যে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনায় প্রার্থীকে First Author হতে হবে।

**৪.৪ ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস এবং পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট**

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়, অনুষদ/ইনস্টিটিউট-এর নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগ/ইনস্টিটিউট-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে (পাঁচ) বছর মেয়াদি স্নাতকসহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস, প্রকৌশল, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঙ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

চ. বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। সামাজিক বিজ্ঞান, আইন ও বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে এসএসসি/সমমান এবং

পরিষদ শাখা সিনেট ভবন রাজশাহী বিশ্ববিদ্যালয়

এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে সংশ্লিষ্ট সকল অনুষদের প্রার্থীর কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ছ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

জ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা বিষয়সংশ্লিষ্ট স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ঝ. বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে এবং সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৭ (সাত)টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে অথবা বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৪ (চার) বৎসরে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনা থাকতে হবে। এই চারটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনার First Author হতে হবে।

**৪.৫ ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেজ**

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/অনুষদ/ ইনস্টিটিউট-এর নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগ বা ইনস্টিটিউট-এ আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট ও শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঙ. কলা অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

চ. বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ছ. কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

জ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ঝ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ঞ. বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে এবং সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৭ (সাত)টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে অথবা গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষের ০৪ (চার) বৎসরে ন্যূনতম ০৪



পরিষদ শাখা সিনেট ভবন
তা: ০৪/১২/২২

(চার)টি প্রকাশনা থাকতে হবে। এই চারটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনার First Author হতে হবে।

৫। বিজ্ঞপ্তির মাধ্যমে প্রফেসর (Professor) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

৫.১ বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ এবং ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহ

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে (পাঁচ) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

চ. সহযোগী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ১২ (বারো) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকতে হবে। এক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৫ (পাঁচ) বৎসরে ন্যূনতম ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। এই পাঁচটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনার First Author হতে হবে।

৫.২: কলা এবং চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহ

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকেতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. কলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৩.৫০-এর কম থাকা যাবে না।

চ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

পরিষদ শাখা সিনেট ভবন রাজশাহী বিশ্ববিদ্যালয়
তাং

ছ. সহযোগী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ১২ (বারো) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

জ. স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ১২ (বারো) টি প্রকাশনা থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসেবে অথবা গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৫ (পাঁচ) বৎসরে ন্যূনতম ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। এই পাঁচটির মধ্যে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনায় প্রার্থীকে First Author হতে হবে।

৫.৩: সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট

ক. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

চ. সহযোগী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ১২ (বারো) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসেবে অথবা গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৫ (পাঁচ) বৎসরে ন্যূনতম ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। এই পাঁচটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনার First Author হতে হবে।

৫.৪: ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস এবং পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/অনুষদ/ইনস্টিটিউট-এর নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগ/ইনস্টিটিউট-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে (পাঁচ) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. বিশ্ববিদ্যালয় পর্যায়ে ১২ (বারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ১২ (বারো) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

চ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

পরিষদ শাখা সিনেট ভবন
তাং ০২/০৩/২৪
রাজশাহী বিশ্ববিদ্যালয়

ছ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

জ. সহযোগী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ১২ (বারো) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ঝ. বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে এবং সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ ইনডেক্সড জার্নালে ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসেবে অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৫ (চার) বৎসরে ন্যূনতম ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। এই পাঁচটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনার First Author হতে হবে।

৫.৫: **ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেস**

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/অনুষদ/ ইনস্টিটিউট-এর নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট অনুষদভুক্ত বিভাগ বা ইনস্টিটিউট-এ আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ; ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঙ. কলা অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকেতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

চ. বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

ছ. কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০ + ৫.০০)-এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০-এর কম থাকা যাবে না।

জ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।

ঝ. সহযোগী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা বিষয়সংশ্লিষ্ট স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি-পরবর্তী ১২ (বারো) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ঞ. বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে এবং সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসেবে অথবা গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষ ০৫ (পাঁচ) বৎসরে ন্যূনতম ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। এই পাঁচটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনার First Author হতে হবে।

পরিষদ শাখা সিনেট ভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়

৬। পদোন্নয়ন (আপগ্রেডেশন)-এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

ক) বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ, আইন, কলা এবং চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহ এবং

খ) ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেস, ইনস্টিটিউট অব বিজনেস স্টাডিজ, ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস এবং পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট।

৬.১ প্রভাষক হতে সহকারী অধ্যাপক (Lecturer to Assistant Professor)

ক. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

খ. এমফিল/সমমান* ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

গ. পিএইচডি ডিগ্রি অর্জনকারী প্রার্থীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

ঘ. প্রভাষক হিসেবে প্রার্থীর ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা (বিধি ১.২ দ্রষ্টব্য) থাকতে হবে। এর মধ্যে ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনার First Author হতে হবে।

৬.২ সহকারী অধ্যাপক হতে সহযোগী অধ্যাপক (Assistant Professor to Associate Professor)

ক. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ১২ বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

খ. এমফিল/সমমান* ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৬ (ছয়) বছরসহ মোট ০৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

গ. পিএইচডি ডিগ্রি অর্জনকারী প্রার্থীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

ঘ. সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন)টিসহ মোট ০৬ (ছয়)টি প্রকাশনা (বিধি ১.২ দ্রষ্টব্য) থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে প্রার্থীকে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনার First Author হতে হবে।

বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহ; ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট-এর প্রার্থীর ক্ষেত্রে ১ (এক)টি প্রকাশনা অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ইনডেক্সড পিয়ার রিভিউড জার্নালে হতে হবে।

সামাজিক বিজ্ঞান, কলা, চারুকলা, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ; ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেস এবং ইনস্টিটিউট অব বিজনেস এডমিনিস্ট্রেশন-এর প্রার্থীর ক্ষেত্রে ১ (এক)টি প্রকাশনা স্বীকৃত পিয়ার রিভিউড ও ইনডেক্সড জার্নালে হতে হবে।

৬.৩ সহযোগী অধ্যাপক হতে প্রফেসর (Associate Professor to Professor)

ক. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১০ (দশ) বছরসহ মোট ২২ (বাইশ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

খ. এমফিল/সমমান* ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ১৭ (সতেরো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

গ. পিএইচডি ডিগ্রি অর্জনকারী প্রার্থীর ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ মোট ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

পরিষদ শাখা সিনেট ভবন

ঘ. সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়)টিসহ মোট ১২ (বারো)টি প্রকাশনা (বিধি ১.২ দ্রষ্টব্য) থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসেবে প্রার্থীকে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনার First Author হতে হবে।

বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহ; ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট-এর প্রার্থীর ক্ষেত্রে ২ (দুই)টি প্রকাশনা অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ইনডেক্সড পিয়ার রিভিউড জার্নালে হতে হবে।

সামাজিক বিজ্ঞান, কলা, চারুকলা, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ: ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেস এবং ইনস্টিটিউট অব বিজনেস এডমিনিস্ট্রেশন-এর প্রার্থীর ক্ষেত্রে ২ (দুই)টি প্রকাশনা স্বীকৃত পিয়ার রিভিউড ও ইনডেক্সড জার্নালে হতে হবে।

**৬.৪ প্রফেসর গ্রেড-২ ও প্রফেসর গ্রেড-১ পদে পদায়ন (Appointment to Professor Grade-2 and Professor Grade-1)**

জাতীয় বেতন স্কেল কাঠামো ২০১৫ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখার ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫.৮৮ নম্বর স্মারক (তারিখ: ০৪-০৪-২০১৬) অনুযায়ী একজন অধ্যাপককে বেতন স্কেল গ্রেড-৩ থেকে গ্রেড-২- এর আর্থিক সুবিধা প্রাপ্তির লক্ষ্যে নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে:

ক. প্রচলিত নিয়ম অনুযায়ী প্রফেসর পদে পদোন্নতি/পদায়নের পরে চাকরিকাল ন্যূনতম ০৪ (চার) বছর (কোয়ালিফাইং চাকরির মেয়াদ) হলে এবং এই সময়ের মধ্যে স্বীকৃত জার্নালে বিষয়ভিত্তিক গবেষণাধর্মী ০২ (দুই)টি প্রকাশনা থাকলে একজন প্রার্থী গ্রেড-২-এ পদায়নের আবেদন করতে পারবেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে ও যাচাই বোর্ডের মাধ্যমে তিনি জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রফেসর গ্রেড-৩ থেকে গ্রেড-২ প্রাপ্ত হবেন।

খ. গ্রেড-২ প্রাপ্ত প্রফেসরগণ মোট চাকরিকাল (কোয়ালিফাইং চাকরির মেয়াদ) ন্যূনতম ২০ (কুড়ি) বছর এবং গ্রেড-২-এর সর্বশেষ সীমায় পৌঁছানোর ০২ (দুই) বছর পর জ্যেষ্ঠতার ভিত্তিতে গ্রেড-১ প্রাপ্ত হবেন। তবে এই সংখ্যা বিশ্ববিদ্যালয়ে চাকরিরত মোট প্রফেসরের ২৫%-এর বেশি হবে না। উল্লেখ্য যে, এই পর্যায়ে প্রার্থীকে আবেদন করতে হবে না তবে যাচাই বোর্ডের মাধ্যমে প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

-----------------------------------------

খ. সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়)টিসহ মোট ১২ (বারো)টি প্রকাশনা (বিধি ১.২ দ্রষ্টব্য) থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসেবে প্রার্থীকে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনার First Author হতে হবে।

বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, জীববিজ্ঞান, প্রকৌশল, কৃষি, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহ; ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট-এর প্রার্থীর ক্ষেত্রে ২ (দুই)টি প্রকাশনা অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ইনডেক্সড পিয়ার রিভিউড জার্নালে হতে হবে।

সামাজিক বিজ্ঞান, কলা, চারুকলা, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ; ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেস এবং ইনস্টিটিউট অব বিজনেস এডমিনিস্ট্রেশন-এর প্রার্থীর ক্ষেত্রে ২ (দুই)টি প্রকাশনা স্বীকৃত পিয়ার রিভিউড ও ইনডেক্সড জার্নালে হতে হবে।

**৬.৪ প্রফেসর গ্রেড-২ ও প্রফেসর গ্রেড-১ পদে পদায়ন (Appointment to Professor Grade-2 and Professor Grade-1)**

জাতীয় বেতন স্কেল কাঠামো ২০১৫ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখার ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫.৮৮ নম্বর স্মারক (তারিখ: ০৪-০৪-২০১৬) অনুযায়ী একজন অধ্যাপককে বেতন স্কেল গ্রেড-৩ থেকে গ্রেড-২- এর আর্থিক সুবিধা প্রাপ্তির লক্ষ্যে নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে:

ক. প্রচলিত নিয়ম অনুযায়ী প্রফেসর পদে পদোন্নতি/পদায়নের পরে চাকরিকাল ন্যূনতম ০৪ (চার) বছর (কোয়ালিফাইং চাকরির মেয়াদ) হলে এবং এই সময়ের মধ্যে স্বীকৃত জার্নালে নিবন্ধভিত্তিক গবেষণাধর্মী ০২ (দুই)টি প্রকাশনা থাকলে একজন প্রার্থী গ্রেড-২-এ পদায়নের আবেদন করতে পারবেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে ও যাচাই বোর্ডের মাধ্যমে তিনি জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রফেসর গ্রেড-৩ থেকে গ্রেড-২ প্রাপ্ত হবেন।

খ. গ্রেড-২ প্রাপ্ত প্রফেসরগণ মোট চাকরিকাল (কোয়ালিফাইং চাকরির মেয়াদ) ন্যূনতম ২০ (কুড়ি) বছর এবং গ্রেড-২-এর সর্বশেষ সীমায় পৌঁছানোর ০২ (দুই) বছর পর জ্যেষ্ঠতার ভিত্তিতে গ্রেড-১ প্রাপ্ত হবেন। তবে এই সংখ্যা বিশ্ববিদ্যালয়ে চাকরিরত মোট প্রফেসরের ২৫%-এর বেশি হবে না। উল্লেখ্য যে, এই পর্যায়ে প্রার্থীকে আবেদন করতে হবে না তবে যাচাই বোর্ডের মাধ্যমে প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

---

**বিশেষ দ্রষ্টব্য: বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষকগণ বর্তমানে যে পদে কর্মরত আছেন শুধুমাত্র ঐ পদের পরবর্তী পদে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা যাইবে।**

সূত্র: পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকার সাধারণ নিয়মাবলির ২(৯) ধারা মতে।

